

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.২৯৬-২০১৬ - ১৬৯১


তারিখঃ ৯-০৮-২০১৭খ্রিঃ।

বিষয়ঃ রীট পিটিশন নং-৩৮৬০/২০১৬ [পিটিশনার জনাব মোঃ জুলফিকার আলী, পিতা-মৃত আব্দুল হাসেম, ৯/১, মাদ্রাসা রোড, মংলা, বাগেরহাট]
সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা প্রসঙ্গে।

সূত্রঃ তারিখঃ ০৭-০৮-২০১৬খ্রিঃ, জনাব শেখ শফিক মাহমুদ পুস্প, প্যানেল আইনজীবী হতে প্রাপ্ত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোংলাপোর্ট পৌরসভার মেয়র জনাব মোঃ জুলফিকার আলীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে তিনি উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ৩৮৬০/২০১৬ নং রীট পিটিশন দায়ের করেন। বিজ্ঞ আদালত সাময়িক বরখাস্ত আদেশটির উপর ০৩ (তিন) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করেন। বর্তমানে মামলাটি সংশ্লিষ্ট বেঞ্চে শুনানীর জন্য অপেক্ষমান আছে।

০২। এমতাবস্থায়, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং ৩৮৬০/২০১৬ এ প্রদত্ত স্থগিতাদেশ ভ্যাকেটকরণসহ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


০৯.০৮.১৭
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব (আইন)
৯৫৪০৯৯৫

বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ
এবং
বিজ্ঞ সিনিয়র আইনজীবী
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। উপসচিব (পৌর-১) শাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। এস. কে শফিক মাহমুদ পুস্প, বেসরকারী প্যানেল আইনজীবী, স্থানীয় সরকার বিভাগ (তাকে বিজ্ঞ এটর্নী জেনারেল মহোদয়ের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে বিবেচ্য রীটে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতার জন্য অনুরোধ করা হল)।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি/মাষ্টার কপি।